দৈনিক খবর

তারিখ... ১৫।০৯।৯২
পৃষ্ঠা... ৮ ......কলাম... ৪...

56

ঢাকা বিশ্ববিদ্যালয়

# প্রতিটি হলে পরিবেশ পরিষদ গঠন করা হবে

।। স্টাফ রিপোর্টার ।।

সন্ত্রাস প্রতিরোধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হলে পরিবেশ পরিষদ গঠন করা হবে।

গতকাল শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিবেশ পরিষদের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ সভায় গৃহীত অন্যান্য সিদ্ধান্তের মধ্যে রয়েছে হলে কোন বহিরাগত বা অস্ত্রধারীকে অবস্থান করতে দেয়া হবে না, কেন্দ্রীয়ভাবে ছাত্র সংগঠনগুলো বিশ্ববিদ্যালয় ইউনিটের নেতৃবৃন্দের সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করা হবে, এ মনিটরিং কমিটি বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকে অন্ততঃ এক সপ্তাহ প্রতিদিন বৈঠক করবেন, পরবর্তী পর্যায়ে প্রয়োজনে যে কোন দিন বৈঠক হতে পারে। যেহেতু বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের সাথে যারা জড়িত তাদের পরিচয় জানা আছে বলে পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে, সেহেতু নিরপেক্ষভাবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে।